



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/30/2023

গভর্নর ক্যাথি হোকল

গৃহ নির্যাতনের শিকার ব্যক্তিদেরকে বন্দুক সহিংসতা থেকে সুরক্ষা দানের রিভিউ মামলায় সুপ্রিম কোর্টের সিদ্ধান্তের ব্যাপারে গভর্নর হোকলের বিবৃতি

"এই সপ্তাহে বিপর্যয় সৃষ্টিকারী মতামতের ধারার পর, আমরা আজকে জানতে পেরেছি যে মার্কিন সুপ্রিম কোর্ট (U.S. Supreme Court) এখন এমন একটি আইন বদলে দেওয়ার বিবেচনা করবে যা গৃহ নির্যাতনকারীদের হাত থেকে আগ্নেয়াস্ত্র দূরে রাখে এবং ভুক্তভোগীদের সুরক্ষা দান করে। নিউ ইয়র্কে সাধারণ বুদ্ধির বন্দুক নিরাপত্তা প্রবিধান প্রতিষ্ঠা করা এক শতকের বেশি পুরনো আইনকে কোর্ট কর্তৃক বেপরোয়াভাবে বদলে দেওয়ার এক বছর পর এটি হচ্ছে। স্টেটের সর্বাধিক দুঃস্থ বাসিন্দাদের এবং গৃহ নির্যাতনের শিকার ব্যক্তিদের বন্দুক সহিংসতা থেকে সুরক্ষা দান করার জন্য গভর্নরের অধিকার যে কোর্ট আরেকবার চূর্ণ করতে যাচ্ছে তা দেখে আমি পীড়িত।

আমরা মার্কিন যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট কর্তৃক এই মামলার রিভিউ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবো, কিন্তু আমাদের প্রতিশ্রুতি এখনো একই থাকবে: আমরা লিঙ্গ ভিত্তিক সহিংসতার শিকার ব্যক্তিদের সুরক্ষা করতে এবং বন্দুক সহিংসতা মহামারী শেষ করতে সাহসী পদক্ষেপ গ্রহণ করতে থাকবো।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)